# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 26-07-2026** **Time: 7.35 AM**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) নীট দুর্নীতির প্রতিবাদে কলকাতার ধর্মতলায় মিছিল থেকে সাংবাদিকদের ওপর হামলার ঘটনায় ১১ জনকে গ্রেফতার করেছে পুলিশ। এই ঘটনায় ৭০ জনকে চিহ্নিত করা হয়েছে বলে বিধানসভায় জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

২) দেশে প্রশ্নফাঁস রোধে আগামীকাল লোকসভায় ‘পাবলিক এক্সামিনেশনস - প্রিভেনশন অফ আনফেয়ার মিন্স সংশোধনী বিল আনছে কেন্দ্রীয় সরকার।

৩) কলকাতার উপকণ্ঠে নিউটাউনে ৪০ একর জমিতে নতুন বিধানসভা ভবন তৈরি হবে বলে অধ্যক্ষ রথীন্দ্র বোস জানিয়েছেন।

৪) তৃণমূল কংগ্রেস সরকারের আমলে পুলিশ প্রশাসনকে অপব্যবহারের বেশ কয়েকটি ঘটনার সঙ্গে যুক্ত এক আই পি এস সহ পাঁচ পুলিশ আধিকারিককে সাসপেন্ড করেছে রাজ্য সরকার।

৫) কলকাতা শহরের ফুটপাতে বাইক, সাইকেল বা রিক্সা রাখলে এবার থেকে মোটা জরিমান দিতে হবে বলে পুরমন্ত্রী অগ্নিমিত্রা পাল জানিয়েছেন।

৬) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

oooooooooooooooooooo

নীল দুর্নীতির প্রতিবাদে কলকাতার ধর্মতলায় বামেদের মিছিলে সাংবাদিকদের ওপর হামলার ঘটনায় ১১ জনকে গ্রেফতার করেছে পুলিশ। এদের মধ্যে গার্ডেনরিচের মহম্মদ আজাদ এবং মেটিয়াবুরুজের বাসিন্দা মহম্মদ আফরোজকে পশ্চিম বর্ধমানের অন্ডাল থেকে গ্রেফতার করা হয়। আফরোজ এলাকায় কুখ্যাত দুষ্কৃতি হিসেবে পরিচিত। গতকাল কলকাতা পুলিশ ধৃত ১১ জনের নাম পরিচয় প্রকাশ করেছে। ধৃতরা কেউ-ই পড়ুয়া নয় বলে কলকাতা পুলিশের অতিরিক্ত সিপি ক্রাইম কুনাল আগরওয়াল জানিয়েছেন। এরা সকলেই মিছিলে অংশ নিয়ে ভাঙচুর ও হামলা চালিয়েছিল বলে তিনি জানান।

উল্লেখ্য, শুক্রবারের ওই ঘটনায় এপর্যন্ত ৭০ জনকে চিহ্নিত করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী গতকাল বিধানসভায় জানিয়েছেন। অভিযুক্তদের বিরুদ্ধে গুন্ডাদম আইনে ব্যবস্থা নেওয়া হবে বলেও স্পষ্ট জানান তিনি।

(বাইট – মুখ্যমন্ত্রী)

রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য সাংবাদিক হেনস্থার তীব্র নিন্দা করেছেন। তিনি বলেন ছাত্র আন্দোলনের নামে কংগ্রেস ও বামপন্থী দলগুলি রাজনৈতিক সুবিধা পেতে চাইছেন।

(বাইট – শমীক)

oooooooooooooooooooo

দেশে প্রশ্নফাঁস রোধে কঠোর পদক্ষেপ নিতে চলেছে কেন্দ্র সরকার। আগামীকাল লোকসভায় পাবলিক এক্সামিনেশনস প্রিভেনশন অফ আনফেয়ার মিন্স সংশোধনী বিল ২০২৬ পেশ করবেন কেন্দ্রীয় মন্ত্রী ডক্টর জিতেন্দ্র সিং। তিনি পাবলিক এক্সামিনেশনস প্রিভেনশন অফ আনফেয়ার মিন্স অ্যাক্ট 2024 এ সংশোধনের জন্য এই বিলটি পেশ করবেন। নতুন এই খসড়া বিলে দোষী ব্যক্তিদের নূন্যতম সাজা পাঁচ বছর থেকে সর্বোচ্চ ১০ বছর করার প্রস্তাব রয়েছে। একই সঙ্গে ৫০ লক্ষ টাকা পর্যন্ত আর্থিক জরিমানার প্রস্তাব রাখা হয়েছে।

oooooooooooooooooooooo

কলকাতার উপকণ্ঠে নিউ টাউনে ৪০ একর জমিতে নতুন বিধানসভা ভবন তৈরি হবে বলে বিধানসভার অধ্যক্ষ রথীন্দ্র বোস জানিয়েছেন। গতকাল বাজেট অধিবেশনের শেষ পর্বে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী প্রস্তাব দেন, দিল্লির সংসদ ভবনের মতো এরাজ্যেও নতুন বিধানসভা ভবন তৈরি করা প্রয়োজন। আগামী দিনে আসন পুনর্বিন্যাস, মহিলা সংরক্ষণ হলে বিধানসভার এই হেরিটেজ ভবনে জায়গার সংকুলান হবে না। সেইজন্যে তিনি নিউটাউনে নতুন বিধানসভা ভবনের জন্যে নির্বাচিত জমিটি পরিদর্শন করতে অধ্যক্ষের কাছে আবেদন জানান। এরপরই অধ্যক্ষ নতুন ভবন তৈরির কথা জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য বিধানসভায় **পশ্চিমবঙ্গ পঞ্চায়েত (দ্বিতীয় সংশোধনী) বিল পাস হয়েছে**। গতকাল এই বিলের উপর আলোচনার জবাবি ভাষণে দপ্তরের মন্ত্রী দিলীপ ঘোষ বলেন, পঞ্চায়েত প্রধানের আর্থিক ক্ষমতা খর্ব করা নয়, বরং দুর্নীতি, কাটমানি এবং পরিষেবা প্রদানে অচলাবস্থা দূর করতেই পঞ্চায়েত আইনে সংশোধন আনা হয়েছে।

(বাইট – দিলীপ ঘোষ)

তিনি বলেন, সংশোধনী বিলে এমন ব্যবস্থাও রাখা হয়েছে যাতে প্রধান বা উপপ্রধান দীর্ঘদিন অনুপস্থিত থাকলেও পঞ্চায়েতের কাজ বন্ধ না থাকে। দিলীপ বাবু বলেন, এর মাধ্যমে কাটমানি নেওয়ার সুযোগ বন্ধ করা হচ্ছে।

তৃণমূল কংগ্রেসের দুই শিবির এবং আইএসএফের নওশাদ সিদ্দিকী বিলটিকে সংবিধান বিরোধী বলে দাবি করে তীব্র বিরোধিতা করে ভোটাভুটি চান। বিলের পক্ষে **১৬৯** টি, বিপক্ষে **১৩** টি ভোট পড়ে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস সরকারের দুর্নীতি তুলে ধরতে বিধানসভায় ২৮-টি সিএজি রিপোর্ট পেশ করলেন রাজ্যের অর্থমন্ত্রী ডক্টর স্বপন দাসগুপ্ত। তিনি বলেন, রিপোর্ট দেখে বোঝা যাবে বাংলা কেন আর্থিকভাবে পিছিয়ে রয়েছে। এ নিয়ে বিশেষ অধিবেশন ডেকে আলোচনা হবে বলেও জানান তিনি।

(বাইট – স্বপন দাশগুপ্ত)

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলির কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ড পরিচালনায় দীর্ঘদিনের আইনি অসঙ্গতি দূর করতে বাঁকুড়া বিশ্ববিদ্যালয় (সংশোধনী) বিল বিধানসভায় পাস হয়েছে। বিল নিয়ে আলোচনার

জবাবি ভাষণে উচ্চশিক্ষামন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায় দাবি করেন, ২০১৩ সালে তৎকালীন সরকার বাঁকুড়া বিশ্ববিদ্যালয় আইন প্রণয়নের সময় কলকাতা বিশ্ববিদ্যালয়ের আইন প্রায় হুবহু অনুসরণ করে। এর ফলে প্রভিডেন্ট ফান্ড সংক্রান্ত একটি গুরুতর আইনি ত্রুটি থেকে গিয়েছিল। সেই ভুল সংশোধন করতেই বর্তমান সরকার এই বিল এনেছে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আজ আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩৬-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১-টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

oooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেস সরকারের আমলে পুলিশ-প্রশাসনকে অপব্যবহারের বেশ কয়েকটি ঘটনার সঙ্গে যুক্ত ৫ পুলিশ আধিকারিকদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নিয়েছে। মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী শুভেন্দু অধিকারী গতকাল বিধানসভায় জানান যে, উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জে রাজবংশী পরিবারের এক ছাত্রীর ওপর অত্যাচারের ঘটনায় পুলিশের ASI মোয়াজ্জিন হোসেনকে সাসপেন্ড করা হয়েছে। তাঁর বিরুদ্ধে FIR দায়ের'ও নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

অবসরপ্রাপ্ত IPS আধিকারিক প্রয়াত পঙ্কজ দত্তকে বটতলা থানায় ডেকে হয়রানির জন্য SI সাধন দাস এবং ওই থানার তৎকালীন IC সুবর্ণ দত্ত চৌধুরীকে সাসপেন্ড করার নির্দেশ দিয়েছেন তিনি। দক্ষিণ ২৪ পরগনার কাকদ্বীপের সূর্যনগরে কালী মূর্তি ভাঙার ঘটনায়, তৎকালীন সুন্দরবন জেলার পুলিশ সুপার কোটেশ্বর রাও-কে রাজ্য সরকার সাসপেন্ড করেছে। নদীয়ার কৃষ্ণনগরে জগদ্ধাত্রী পুজোর বিসর্জনে লাঠিচার্জের ঘটনায় ইন্সপেক্টর অমরেন্দ্র বিশ্বাসকে সাসপেন্ড করে বিভাগীয় তদন্তের নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

oooooooooooooooooooooo

রাজ্য সরকারের নির্দেশ মতো মুর্শিদাবাদ মেডিকেল কলেজে ৫ টি নতুন বিভাগ চালু হচ্ছে। ১০ই জুলাই মুর্শিদাবাদে মুখ্যমন্ত্রীর ঘোষণার পর স্বাস্থ্য দফতর এই নির্দেশিকা জারি করেছে। নির্দেশিকা

অনুযায়ী নিউরো, কার্ডিওলজি, নেফ্রোলজি, নিউরো সার্জারি, কার্ডিওথোরাসিক ও ভাসকুলার সার্জারি (সিটিভিএস) এই পাঁচটি বিভাগে মোট ১০০ শয্যা যুক্ত হচ্ছে। এত দিন এই সব বিভাগ না থাকায় মুর্শিদাবাদ মেডিক্যাল থেকে হৃদরোগ, স্নায়ু, মস্তিষ্ক, হার্টের অস্ত্রোপচার, খিঁচুনি, স্ট্রোকের চিকিৎসা সম্ভব হত না।

oooooooooooooooooooo

কলকাতা শহরের ফুটপাতে বাইক, সাইকেল বা রিক্সা রাখা থাকলে এবার থেকে জরিমানা করা হবে বলে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল জানিয়েছেন । নিউমার্কেট পরিদর্শনের পর তিনি সাংবাদিকদের বলেন, শহরকে পরিচ্ছন্ন রাখতে এবং যাতায়াতের পথ ঠিক রাখার জন্য ফুটপাতকে সম্পূর্ণ দখল মুক্ত রাখার আবেদন জানান তিনি।

(বাইট - অগ্নিমিত্রা পাল)

oooooooooooooooooooo

পুরুলিয়ার ঝালদার পুরপ্রধানের পদ থেকে ইস্তফা দিয়েছেন সুরেশ আগারওয়াল। তৃণমূল পরিচালিত ঝালদা পুরসভার পুরপ্রধানের পদ ছাড়াও তিনি ৬ নং ওয়ার্ডের কাউন্সিলারের পদ থেকেও ইস্তফা দিয়েছেন। স্বাস্থ্য সংক্রান্ত সমস্যার করণেই এই ইস্তফা বলে উল্লেখ করেছেন তিনি।

oooooooooooooooooooo

পূর্ব বর্ধমানের পালিতপুরে গতসন্ধ্যায় একটি বেসরকারি স্পঞ্জ আয়রন কারখানায় ফার্নেস বিস্ফোরণে গুরুতর জখম হয়েছেন অন্তত তিনজন শ্রমিক। আহতদের মধ্যে পঙ্কজ যাদব ও উমেশ যাদবকে বর্ধমানের একটি বেসরকারি নার্সিংহোমে ভর্তি করা হয়েছে। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, তাঁদের অবস্থা বর্তমানে স্থিতিশীল।

oooooooooooooooooooo

আজ বিশ্ব ম্যানগ্রোভ সংরক্ষণ দিবস। বাস্তু তন্ত্রের ভারসাম্য রক্ষার কাজে ম্যানগ্রোভের সংরক্ষণ ও গুরুত্ব সম্পর্কে সচেতনতা প্রসারের লক্ষ্যেই দিনটি উদযাপিত হয়ে থাকে। সুন্দরবনের ঐতিহ্যবাহী ম্যানগ্রোভ অঞ্চল, প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এসেছে। উপকূলবর্তী এলাকার মানুষের কাছে ম্যানগ্রোভ এর কোন বিকল্প নেই বলে মনে করেন পরিবেশ কর্মী নব দত্ত।

oooooooooooooooooooo

ঘূর্ণাবর্তের প্রভাবে তৈরী নিম্নচাপ এলাকা এবং সক্রিয় মৌসুমি অক্ষরেখার প্রভাবে দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলায় আগামীকাল পর্যন্ত ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। আগামী ২৪ ঘন্টায় পূর্ব মেদিনীপুর এবং দক্ষিণ ২৪ পরগণা জেলায় ভারী থেকে অতিভারী বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে। ভারী বৃষ্টি হতে পারে, উত্তর ২৪ পরগণা, কলকাতা, হাওড়া, হুগলী, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম ও বাঁকুড়া জেলায়। মৎস্যজীবীদের আগামীকাল পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। উত্তরবঙ্গে বৃষ্টির পরিমাণ কিছুটা কম হবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo